কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৮৮০ তারিখ: ০২/১১/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে উৎসবমুখর পরিবেশে 'এআইএস কার্নিভাল ২০২৬' উদযাপিত

উৎসবমুখর ও আনন্দঘন পরিবেশে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস (এআইএস) বিভাগে অনুষ্ঠিত হয়েছে দুই দিনব্যাপী 'এআইএস কার্নিভাল ২০২৬'। বিভাগের অ্যাকাউন্টিং ক্লাবের উদ্যোগে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে এই উৎসব উদযাপন করা হয়।

অনুষ্ঠানের শুরুতে শিক্ষক ও শিক্ষার্থীদের প্রাণবন্ত অংশগ্রহণে ক্যাম্পাস প্রাঙ্গণে একটি বর্ণাঢ্য 'গ্র্যান্ড র‍্যালি'বের করা হয়। র‍্যালি শেষে অতিথিদের সঙ্গে নিয়ে আনন্দঘন আবহে কেক কেটে কার্নিভালের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ আমজাদ হোসেন সরকার। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন, প্রক্টর, এআইএস বিভাগের বিভাগীয় প্রধান, অ্যাকাউন্টিং ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ অনুষদের শিক্ষক এবং বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ আমজাদ হোসেন সরকার বলেন, "বিশ্ববিদ্যালয়ের মূল উদ্দেশ্য শিক্ষা ও গবেষণা হলেও সহশিক্ষা কার্যক্রম ছাড়া শিক্ষার্থীদের মেধার পূর্ণ বিকাশ অসম্ভব। নিয়মিত পড়াশোনা, মিডটার্ম ও পরীক্ষার ব্যস্ততার মাঝে এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের মানসিক খোরাক ও নতুন উদ্দীপনা জোগায়। আমরা এমন বিশ্ববিদ্যালয় চাই না যেখানে শিক্ষার্থীরা কেবল একটি সনদ নিয়ে বের হবে; বরং গ্লোবালাইজেশনের যুগে শিক্ষার্থীরা যেন দেশে-বিদেশে নিজেদের প্রতিভা ও সৃজনশীলতা দিয়ে নেতৃত্ব দিতে পারে, সেই পরিবেশ নিশ্চিত করাই আমাদের লক্ষ্য।"

তিনি আরও বলেন, "শিক্ষার্থীদের স্বকীয়তা জাগ্রত করতে অনুষদের সবগুলো বিভাগকে নিয়ে নিয়মিত ক্রীড়া আসর, সেমিনার ও স্টাডি ট্যুর আয়োজন করা প্রয়োজন। একইসঙ্গে মেধাবী শিক্ষার্থীদের পড়াশোনায় উৎসাহিত করতে 'ডিনস অ্যাওয়ার্ডে' সনদের পাশাপাশি আর্থিক প্রণোদনা থাকা দরকার, যাতে আর্থিক সংকটের কারণে কারও উচ্চশিক্ষা ব্যাহত না হয়।" সফল এ আয়োজনের জন্য তিনি এআইএস বিভাগ ও সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও সাধুবাদ জানান।

র‍্যালি ও কেক কাটার মাধ্যমে শুরু হওয়া এই কার্নিভাল শিক্ষক-শিক্ষার্থীদের পারস্পরিক সৌহার্দ্য ও উৎসবমুখর আবহে এক অবিস্মরণীয় মিলনমেলায় রূপ নেয়।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য),কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য),কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।